North West London Collaboration of
Clinical Commissioning Groups

উন্নত সেবার জন্য আপনার তথ্য বিনিময়

নর্থ ওয়েস্ট লন্ডন স্বাস্থ্য এবং সেবা বিশেষজ্ঞগণ আপনার সেবা নিশ্চিত করতে এক সাথে কাজ করছে।. জড়িত ব্যক্তিবর্গ আপনার সম্পর্কে প্রাসঙ্গিক তথ্য দেখতে পারবেন, ফলে আপনি বিভিন্ন সংস্থার সমন্বিত সেবা পাবেন।. যখন আপনি আপনার জিপি অনুশীলন, হাসপাতালে যান অথবা আপনার কমিউনিটি অথবা বাড়িতে সাহায্য পেতে চান সে বিষয়টি এটি নিশ্চিত করে, জিপি এর মত সেবা বিশেষজ্ঞ, হাসপাতালের ডাক্তার, জেলা নার্স অথবা সমাজ কর্মীদের আপনার সম্পর্কে সঠিক সময়ে সঠিক তথ্য জানার অধিকার আছে।.

এটি কিভাবে ঘটবে?

নর্থ ওয়েস্ট লন্ডনের সাথে সমন্বিত সেবা কর্মসূচীতে যোগদানের অংশ হিসাবে স্বাস্থ্য এবং সামাজিক সেবা সংস্থাসমূহ আপনার সেবা আরও উন্নত করতে সেবা সম্পর্কিত তথ্য বিনিময় করে।.

সমন্বিত সেবা রেকর্ড কি?

সমন্বিত সেবা রেকর্ড হল স্বাস্থ্য এবং সামাজিক সুরক্ষা তথ্য একত্রে নিয়ে আসার একটি পন্থা।. রোগীদের জন্য সমন্বিত সেবা রেকর্ড তৈরি করতে তথ্য সংযুক্ত করা হবে।.

চিকিৎসা সেবা এবং সামাজিক সুরক্ষা ইতিহাস, স্বাস্থ্য বিশেষজ্ঞ যারা সরাসরি আপনার সেবার সাথে সম্পর্কিত তাদের প্রবেশাধিকার থাকার সম্ভাবনা আছে।. এর অর্থ হল আপনার অনুমতি, যারা আপনার সেবার সাথে সংযুক্ত তারা দেখতে পারবে যে আপনার জিপি আপনাকে কোন ঔষধ নির্দেশিত করেছে, অথবা সম্প্রতি আপনি কোন হাসপাতালে গিয়েছেন কিনা।.

যদি আপনি আপনার জন্য সমন্বিত সেবা রেকর্ড তৈরি করতে না চান, তাহলে এটি আপনার জিপি কে জানাতে হবে।.

কোন কোন তথ্য প্রদান করা হবে?

আপনার সম্পর্কে তথ্য প্রদান করা হবে যাতে রয়েছে:

• আপনার স্বাস্থ্য এবং সেবার সাথে সম্পর্কিত ভাল থাকার তথ্য।.

• এনএইচএস নম্বর।.

• বয়স।.

• যোগাযোগের বিস্তারিত।.

• নিকটতম আত্মীয়।.

• চিকিৎসা এবং এলার্জি।.

• অ্যাপয়েন্টমেন্ট, চিকিৎসা এবং সেবা।.

• • আপনার সেবার সাথে সম্পর্কিত সামাজিক এবং মানসিক স্বাস্থ্যের তথ্য।.

• পরীক্ষার ফলাফলসমূহ যেমন রক্ত পরীক্ষা, ল্যাবরেটরি পরীক্ষা, এক্সরে।.

• • জিপি এবং হাসপাতালের রেকর্ড।.

সমন্বিত সেবা রেকর্ড থেকে আমি কিভাবে উপকৃত হব এবং কিভাবে আমার তথ্য বিনিময় করব?

সমন্বিত সেবা রেকর্ডের সহায়তায় জিপিগণ, হাসপাতালসমূহ, ডাক্তারগণ, সামাজিক পরিষেবাসমূহ, সামাজিক সুরক্ষা এবং মানসিক স্বাস্থ্য সেবা প্রদানকারীগণ আরও ভালভাবে একত্রে কাজ করতে সমর্থ হবে।.

বিশেষজ্ঞগণ তৎক্ষণাৎ আপনার পরিপূর্ণ অবস্থা সম্পর্কে জেনে আপনার চিকিৎসা করতে পারবেন।. এটি নিশ্চিত করবে:

• কেবল একবার আপনার ইতিহাস বলতে হবে।.

• অপ্রয়োজনীয় অ্যাপয়েন্টমেন্ট এবং পরীক্ষা এড়াবেন।.

• আপনি আপনার সেবা সম্পর্কে সিদ্ধান্ত নিতে আরও বেশি জড়িত থাকতে পারবেন।.

অতীব ব্যক্তিগত উপাত্ত কি সংগৃহীত হবে?

যা আইনগতভাবে “সংবেদনশীল” হিসাবে সংজ্ঞায়িত আমরা সেই তথ্য সংগ্রহ করব না।. এর মধ্যে আছে গর্ভপাত, ধর্ষণ, লিঙ্গ পরিবর্তন এবং অনৈতিক যৌন সম্পর্ক।.

যদি আপনি কোন তথ্য বিনিময় করতে উদ্বিগ্ন হন, তাহলে আপনার জিপি’র সাথে কথা বলুন।.

কে আমার তথ্য দেখতে পারবে?

• সরাসরি আপনার সেবায় নিয়োজিত স্বাস্থ্য এবং সামাজিক সুরক্ষা প্রদানকারী বিশেষজ্ঞ যেমন জিপিগণ, হাসপাতালের ডাক্তারগণ, নার্সগণ এবং সমাজ কর্মীগণ।.

• সহায়ক কর্মচারী আপনার অ্যাপয়েন্টমেন্ট অথবা আপনার চিকিৎসার আয়োজন করবে।.

• আপনার অনুমতি সাপেক্ষে, স্বাস্থ্য এবং সামাজিক সুরক্ষা দলসমূহ আপনার রোগ নির্ণয়, চিকিৎসা এবং সেবা সম্পর্কে কেস কনফারেন্সে আলোচনা করবে।.

আমার সমন্বিত সেবা রেকর্ড কি নিয়োগকারীর সাথে বিনিময় করা হবে?

না। আপনার সমন্বিত সেবা রেকর্ড কেবল আপনার সেবার সাথে সম্পর্কিত ব্যক্তিবর্গের সাথেই বিনিময় করা হবে।.

তথ্য সুরক্ষা আইন অনুসারে, সকল সংস্থাকে নিশ্চিত করতে হবে যে, তারা এমন কোন তথ্য প্রকাশ করবে না যা ব্যক্তির মারাত্মক ক্ষতি অথবা সংকটের কারণ হয়।. নর্থ ওয়েস্ট লন্ডনের সমন্বিত সেবার সাথে সম্পর্কিত সকল সংস্থাকে নিশ্চিত করতে হবে যে, কোন তথ্য প্রকাশের পূর্বে আইন মেনে তা করতে হবে।.

কিভাবে আপনি নিশ্চিত করবেন যে আমার উপাত্ত কোন ভুল হাতে পড়বে না?

আপনার তথ্যে অবৈধ প্রবেশাধিকার বন্ধ করতে আমাদের বেশ কিছু রক্ষাকবজ আছে।.

- আপনার সমন্বিত সেবা রেকর্ডের প্রবেশাধিকার “ভূমিকা ভিত্তিক প্রবেশাধিকার” (Role Based Access) কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয়।. এর অর্থ হল শুধুমাত্র স্বাস্থ্য এবং সেবা প্রদানকারী বিশেষজ্ঞগণ যারা

আপনার সেবায় নিয়োজিত আছেন তারা আপনার সম্মতিক্রমে আপনার রেকর্ডে প্রবেশাধিকার পাবেন।. তারা যে তথ্য দেখতে পারবেন তা তাদের কার্য সম্পাদন করতে সীমিত করা হবে।. উদাহরণস্বরূপ, একজন সমাজ সেবক আপনার চিকিৎসা নোট দেখতে পারবে না কারণ আপনাকে সেবা দিতে তাদের এটি দেখার কোন প্রয়োজন নেই।.

- আমাদের তথ্য ভান্ডার, যেখানে আপনার তথ্য সংরক্ষিত থাকবে, তা সকল সর্বশেষ জাতীয় নিরাপত্তা মান নির্দেশিকা পাশ করেছে।. এই সিস্টেমে বিল্ট-ইন নিরীক্ষণ বৈশিষ্ট্য আছে যা আপনার উপাত্তে প্রবেশাধিকারের লগ বজায় রাখে, ফলে স্বাস্থ্য সংস্থাসমূহ নিশ্চিত করতে পারে যে কেউ আপনার তথ্যে অসঙ্গতভাবে আপনার রেকর্ডে প্রবেশ করতে পারবে না।.

কে আপনার সমন্বিত সেবা রেকর্ডে প্রবেশাধিকার পাবে তা আপনি সম্পূর্ণ নিয়ন্ত্রণ করতে পারবেন।. আপনার তথ্য কে দেখতে পারবে এবং কে পারবে না তা আপনি বেছে নিতে পারবেন।.

আমি কি নির্দিষ্ট কোন ব্যক্তির নিকট থেকে আমার সমন্বিত সেবা রেকর্ড দেখা বন্ধ করতে পারব?

হ্যাঁ, যদি আপনি নির্দিষ্ট কোন পরিষেবা প্রদানকারী অথবা ব্যক্তিবর্গকে আপনার সমন্বিত সেবা রেকর্ড দেখতে দিতে না চান তাহলে আপনি শুধু তাদের দেখতে পাওয়ার অনুমতি প্রত্যাখ্যান করতে পারেন।.

সেবা বিশেষজ্ঞগণকে প্রশিক্ষণ প্রদান করা হবে যেন আপনার সমন্বিত সেবা রেকর্ড দেখতে চাওয়ার সময় আপনার অনুমতি গ্রহণ করে ফলে আপনার সুযোগ আছে যে আপনি রাজি হবেন কিনা।.

সামাজিক সেবা প্রদানকারী ব্যক্তিমালিকানাধীন কোম্পানি কি আমার উপাত্তে প্রবেশাধিকার পাবে?

আপনি নির্বাচন করতে পারবেন যে আপনার সমন্বিত সেবা রেকর্ডের উপাদানসমূহ আপনার সেবায় নিয়োজিত ব্যক্তিমালিকানাধীন কোম্পানি অথবা সংস্থাসমূহের সাথে বিনিময় করবেন কিনা।.

আপনাকে সেবা প্রদান করার জন্য কোম্পানি অথবা তাদের কর্মীগণ কোন ধরনের তথ্য দেখতে পাবেন তা সীমিত করা হয়।.

আপনার তথ্য বাণিজ্যিক উদ্দেশ্যে বিনিময় অথবা বিক্রি করা হবে না।.

কিভাবে আমার তথ্য নিরাপদ থাকবে?

তথ্য সুরক্ষা আইন ১৯৯৮ দ্বারা আপনার তথ্য সুরক্ষিত, এর অর্থ হল আপনার ব্যক্তিগত তথ্য আপনার সেবায় সুবিধা প্রদান করার জন্য ব্যবহৃত হবে।. এটি কারও সাথে বিনিময় অথবা বিক্রি করা হবে না।.

কেয়ার.ডাটা-র সাথে কিভাবে এর তুলনা করা যায়?

কেয়ার.ডাটা একটি জাতীয় কর্মসূচী এবং এটি নর্থ ওয়েস্ট লন্ডনের সমন্বিত সেবা রেকর্ড হতে ভিন্ন।. নর্থ ওয়েস্ট লন্ডনের সাথে সংযুক্ত সমন্বিত সেবা এবং সমন্বিত সেবা রেকর্ড বিশেষভাবে স্থানীয় ব্যবহারের জন্য তথ্য বিনিময় করা হবে এবং জাতীয় কর্মসূচীর অংশ হিসাবে ব্যবহৃত হবে না।.

অন্যান্য এনএইচএস উদ্যোগ যা সম্পর্কে আপনি অবগত আছেন

সারমর্ম সেবা রেকর্ড হল একটি ইলেকট্রনিক রেকর্ড যাতে রোগীর এলার্জি, চিকিৎসা এবং বিরূপ প্রতিক্রিয়ার তথ্য সংরক্ষিত থাকে।. এটি জিপি সিস্টেম থেকে নেওয়া হয় যা রোগীর স্বাস্থ্য বিশেষজ্ঞগণ দেখতে পান।.

সারমর্ম সেবা রেকর্ড জিপিতে নিবন্ধিত সকল রোগীর জন্য একটি জাতীয় কর্মসূচী।.

আপনি যে কোন সময় এই কর্মসূচী নাও গ্রহণ করতে পারেন এবং সমন্বিত সেবা রেকর্ডের মত প্রতিবার আপনার সেবা বিশেষজ্ঞগণ এই তথ্যে প্রবেশাধিকার চাওয়ার সময় আপনার অনুমতি প্রার্থনা করবে।. আপনার সারমর্ম সেবা রেকর্ড তথ্যে শুধুমাত্র জানা দরকার (need-to-know) এই ভিত্তিতে প্রবেশাধিকার দেওয়া হবে।. এক জায়গায় সব তথ্য জমা রাখায় জরুরী অবস্থায় অথবা যখন জিপি অনুশীলন বন্ধ থাকে তখন স্বাস্থ্যকর্মীদের সুবিধা প্রদান করে।.

কখন এবং কিভাবে আমি আমার সম্মতি জানাব

সেবার উপর ভিত্তি করে অনুমতি প্রদান করা হয়।. স্বাস্থ্য বিশেষজ্ঞদের দলে আছেন বিভিন্ন স্বাস্থ্য বিশেষজ্ঞ যেমন ঊর্ধ্বতন নার্স, কনসালট্যান্ট চিকিৎসক, বার্ধক্যজনিত রোগ বিশারদ, শিশুরোগ বিশেষজ্ঞ, মনোরোগ বিশেষজ্ঞ যারা কমিউনিটি নার্স, থেরাপিস্ট, ফার্মাসিস্ট, সাইকোলজিস্ট, সোশ্যাল ওয়ার্কার এবং অন্যান্য কর্মীদের পাশাপাশি কাজ করে।. জরুরী অবস্থা ব্যতীত কেউ আপনার অনুমতি ছাড়া আপনার রেকর্ডে প্রবেশাধিকার পাবে না।.

সমন্বিত সেবা রেকর্ডে কি আমার প্রবেশাধিকার থাকবে?

রোগীদের তাদের সমন্বিত সেবা রেকর্ড সহজে দেখতে দিতে আমরা প্রতিজ্ঞাবদ্ধ এবং নর্থ ওয়েস্ট লন্ডনে আমাদের সহযোগীদের সাথে আমরা একটি ওয়েবসাইট তৈরি করতে কাজ করছি যা আপনাকে লগ অন করতে এবং তথ্য পড়তে সক্ষম করবে।. ২০১৬ সালে এই কাজ সম্পন্ন হবে।.

কিভাবে আপনি শেখার অক্ষমতা সম্পন্ন ব্যক্তিদের তাদের তথ্য প্রদান করার অবগত সিদ্ধান্ত নিতে সাহায্য করবেন?

শেখার অসুবিধা সম্পন্ন ব্যক্তিদেরকে সেবা প্রদানকারীদের বৈধভাবে যেকোন অনুমতি পেতে ইতঃমধ্যে সাংগঠনিক নীতিমালা এবং কার্যপ্রণালী আছে, এবং তথ্য সুরক্ষা আইন ১৯৯৮ এর অধীনে রোগীর রেকর্ডে আইনগতভাবে প্রবেশাধিকার দেওয়া হয়।.

কম ক্ষমতা সম্পন্ন ব্যক্তির পক্ষে সিদ্ধান্ত গ্রহণে স্বাভাবিক প্রয়োজনীয়তা প্রযোজ্য হবে।.

আমি কি সমন্বিত সেবা রেকর্ড গ্রহণ করতে এবং আমার তথ্য প্রদান করতে বাধ্য?

আপনি নিয়ন্ত্রণ করবেন।. আপনি অংশগ্রহণ নাও করতে পারেন যার অর্থ হল আপনি সমন্বিত সেবা রেকর্ড গ্রহণ করবেন না এবং তথ্য বিনিময় করবেন না.

আপনি যদি সাধারণত আপনার তথ্য প্রদান করতে আগ্রহী হন, আপনি নিম্নলিখিত বিষয়গুলিতে সম্মত:

- আপনাকে সেবা দিতে আপনার সম্পর্কিত তথ্য স্বাস্থ্য এবং সেবা বিশেষজ্ঞগণদের নিকট প্রদান করা হয়।.
- স্থানীয় পরিষেবা পরিকল্পনা এবং সকলের সেবা উন্নত করতে স্বাস্থ্য এবং সেবা প্রদানকারী সংস্থাসমূহের সাথে তথ্য (আপনার ব্যক্তিগত বিস্তারিত ছাড়া) নামহীন ভাবে প্রদান করা হবে।.
- শুধুমাত্র স্বাস্থ্য এবং সমাজ সেবক বিশেষজ্ঞগণ আপনাকে সরাসরি সেবা প্রদান করতে আপনার তথ্য দেখতে পারবেন।.
- আপনার সম্পর্কিত তথ্য ব্যক্তিমালিকানাধীন কোম্পানীর নিকট বিক্রি করা হবে না।.
- অবশ্যই স্বাস্থ্য এবং সেবা বিশেষজ্ঞগণ আপনার রেকর্ডসমূহ নিরাপদে রাখবেন।.

আপনার তথ্য দেখা বন্ধ করতে আপনি আপনার মন পরিবর্তন করতে পারেন অথবা যে কোন সময় ‘অপট- আউট’ করতে পারবেন।. যদি আপনি এটি করতে চান, অনুগ্রহ করে আপনি আপনার স্বাস্থ্য অথবা সেবা সংস্থাকে জানান যারা আপনাকে সেবা প্রদান করছে।.

বিবেচ্য বিষয়

আমাদের লক্ষ্য হল রোগীদের ক্ষমতা প্রদান করা যেন তারা তাদের রেকর্ড প্রদান এবং প্রবেশাধিকার নিয়ন্ত্রণ করতে পারে।. আপনার তথ্য প্রদানের ক্ষেত্রে আপনাকে কিছু বিষয় বিবেচনা করতে হবে:

• আপনাকে আপনার সব তথ্য প্রদান করতে হবে না; আপনি সীমিত করতে পারবেন কি দেখা যাবে এবং কে দেখতে পারবে।.

• যদি আপনি আপনার বন্ধু বা পরিবারের সদস্যদের প্রবেশাধিকার দেন তাহলেও তারা কি দেখতে পারবে আপনি সেটাও সীমিত করতে পারবেন।.

• যদি আপনি আপনার রেকর্ডে কোন ভুল খুঁজে পান, অনুগ্রহ করে যত দ্রুত সম্ভব আপনার সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন.

সহায়তা এবং আরও উন্নত সেবা

ব্যক্তিগত বিস্তারিত ছাড়া কিছু তথ্য, নর্থ ওয়েস্ট লন্ডনের জনগণের সেবা প্রদানের পরিকল্পনা এবং স্থানীয় পরিষেবা উন্নত করতে নিরাপদে স্বাস্থ্য এবং সেবা প্রদানকারী সংস্থাসমূহের সাথে প্রদান করা হবে।. এই নামহীন তথ্য সেবা প্রদানের পরিকল্পনা করতে সাহায্য করে।. এটি আমাদের প্রদানকৃত পরিষেবা পর্যবেক্ষণ করতেও সাহায্য করে।.

আরো জানতে চান?

আপনি যদি আরও তথ্য জানতে চান অনুগ্রহ করে:

• আপনার স্বাস্থ্য অথবা সেবা প্রদানকারী বিশেষজ্ঞের সাথে কথা বলুন।.

• ইমেইল: share4care@nhs.net

• পরিদর্শন করুন: www.integration.healthiernorthwestlondon.nhs.uk